



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ই-এমআইএস সেল
www.dshe.gov.bd



১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৩.৩৯.০০০৬.২০.৩

বিষয়: মাউশি অধিদপ্তরাধীন এমপিওভুক্ত জনবলের ডিসেম্বর-২০২৪ থেকে জুলাই-২০২৫ পর্যন্ত এমপিও এর বকেয়া অর্থ EFT-তে প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিল সাবমিটকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত জনবলের এর অর্থ EFT-তে ডিসেম্বর-২০২৪ হতে জুলাই-২০২৫ মাস পর্যন্ত সরাসরি শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হয়েছে।

EFT-তে শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে তাঁর প্রতিষ্ঠানের এমপিওভুক্ত সকল জনবলের NID ও ব্যাংকের তথ্যসহ প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়। প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত তথ্য iBAS++ সিস্টেমের মাধ্যমে যাচাই করা হয়। iBAS++ সিস্টেমে যাচাই এ যে সকল জনবলের তথ্য Invalid হয়েছিলো এবং পরবর্তীতে তথ্য সঠিক হওয়ায় বেতন সচল হয়েছে তাদের বকেয়া বেতন প্রদানে Bill Submit অপশনে যুক্ত করা হয়েছে।

যে প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীর যে সকল মাসের বিল বা উৎসব তাতা বকেয়া আছে সেই প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত কাজের জন্য ব্যবহৃত আইডি এবং পাসওয়ার্ড এর মাধ্যমে EMIS সিস্টেমের MPO-EFT মডিউলে লগ-ইন করে Bill Submit অপশন থেকে সেই সকল বকেয়া মাসের বিল আলাদা আলাদাভাবে সাবমিট করবেন। প্রতিষ্ঠান প্রধানের দাখিলকৃত তথ্যের ভিত্তিতে শিক্ষক-কর্মচারীদের বকেয়া অর্থ প্রেরণ করা হবে। উল্লেখ্য, EFT-সিস্টেম চালু হওয়ার পর ডিসেম্বর-২০২৪ মাসে হতে জুলাই-২০২৫ মাস পর্যন্ত (EFT-এর তথ্য ভুলের কারণে স্থানীয় ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে) যদি কোনো শিক্ষক/কর্মচারী অনলাইন এমপিও আবেদনের মাধ্যমে ইতোমধ্যে নিয়ে থাকেন, তাদের বকেয়া বিল সাবমিটের সময় তাদের ক্ষেত্রে পেমেন্ট নেই অপশন দিতে হবে।

এক্ষেত্রে, প্রতিষ্ঠানের বকেয়া পাওয়ার যোগ্য প্রত্যেক শিক্ষক-কর্মচারীর জন্য আলাদা আলাদাভাবে বিধিমোতাবেক প্রাপ্ত এমপিও এর অর্থ সঠিকভাবে নির্ধারণ করে বিল সাবমিট করবেন। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে এমপিও এর অর্থ EFT-তে শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে।

প্রতিষ্ঠানের এমপিও তৃলিকায় বিদ্যমান শিক্ষক-কর্মচারীদের মধ্যে কেউ মৃত্যুবরণ বা পদত্যাগ করলে প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট মাসে বিধিমোতাবেক তার প্রাপ্ত্য নির্ধারণ করে বিল সাবমিট করবেন। এছাড়া, সাময়িক বরখাস্ত, অন্তর্মোদনহীন অন্পাছাত, Stop Payment, সনদ জালিয়াতি বা অন্য কোনো কারণে বিধিমোতাবেক কোনো শিক্ষক-কর্মচারীর আংশিক বৌ সম্পূর্ণ বেতন কর্তন/বন্ধ করার প্রয়োজন হলে প্রতিষ্ঠান প্রধান Bill Submit অপশনে তা উল্লেখ করবেন। শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের দাখিলকৃত তথ্যই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। ভুল তথ্যের কারণে কোনো শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরিত না হলে বা অতিরিক্ত অর্থ প্রেরিত হলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

এমতাবস্থায়, আগামী ০৮/০২/২০২৬ তারিখের মধ্যে ডিসেম্বর-২০২৪ হতে জুলাই-২০২৫ সময়ের এমপিও এর বকেয়া Bill Submit করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ করা হলো।

০১-০২-২০২৬

প্রফেসর বি. এম. আব্দুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল), সংশ্লিষ্ট স্কুল/কলেজ এবং
- সভাপতি, প্রতিষ্ঠান পরিচালনা পর্যন্ত, সংশ্লিষ্ট স্কুল/কলেজ।

দ্রষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দণ্ডর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ।।
- ২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৪। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৫। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৬। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা), ।
- ৭। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল জেলা)।
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা এবং
- ৯। মহাপরিচালকের দণ্ডর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ।।



স্বত্ত্বামুক্তি

০১-০২-২০২৬

মোঃ হুমায়ুন কবীর

সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)